বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.৫১.০০৫৭.২২/০৭

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

## 'ইজারা দরপত্র বিজ্ঞপ্তি'

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা'র নিম্নবর্ণিত উল্লেখিত ইজারাস্থল বেবিচকের বিদ্যমান ইজারানীতিমালা,২০১৯ এর আলোকে আর্থিক সন (জুলাই-জুন) বিবেচনায় ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে প্রতি বছর নবায়নের শর্তে প্রাথমিকভাবে ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে, যা পরবর্তীতে বিধি মোতাবেক নবায়নযোগ্য। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) তফসিল মোতাবেক দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সদর দপ্তর অর্থ বিভাগ, হশাআবি'র রাজস্ব বিভাগ, পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ) ও পিএ টু প্রধান প্রকৌশলী'র দপ্তর হতে ক্রয় করা যাবে।

নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী সকাল ৯.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), প্রশাসন বিভাগ, ৬ষ্ঠ তলা (5th Floor), সদর দপ্তর, সিএএবি এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিনে বেলা ১২.৩০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

| ক্র: নং | ইজারাস্থলের বিবরণ | কর্তৃপক্ষের কাংখিত ইজারামূল্য (বার্ষিক) | সিডিউল মূল্য (অফেরৎযোগ্য) | ১ম বার দরপত্র দাখিলের তারিখ | ১ম বার কাংখিত দর পাওয়া না গেলে ২য় বার দরপত্র দাখিলের তারিখ | ২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার দরপত্র দাখিলের তারিখ | ৩য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৪র্থ বার দরপত্র দাখিলের তারিখ | ৪র্থ বার কাংখিত দর পাওয়া না গেলে ৫ম বার দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | হশাআবি'র কাস্টমস হাউজের পশ্চিমপাশে এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন দোকান নং-০১ (আয়তন: ১৬০ বঃ ফুঃ) | ২০,৮৬,৬৬৭/- (বিশ লক্ষ ছিয়াশি হাজার ছয়শত সাতষট্টি টাকা) | ১০০০/-(এক হাজার টাকা) +ভ্যাট | ১৩-০৭-২০২৬ | ২২-০৭-২০২৬ | ০৩-০৮-২০২৬ | ১২-০৮-২০২৬ | ২৪-০৮-২০২৬ |
| ২. | হশাআবি'র কাস্টমস হাউজের পশ্চিমপাশে এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন দোকান নং-০৪ (আয়তন: ১৬০ বঃ ফুঃ) | ১২,১০,০০০/- (বারো লক্ষ দশ হাজার টাকা) | ১০০০/-(এক হাজার টাকা) +ভ্যাট | | | | | |
| ৩. | হশাআবি'র কাস্টমস হাউজের পশ্চিমপাশে এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন দোকান নং-০৫ (আয়তন: ১৬০ বঃ ফুঃ) | ১৫,১০,০০০/- (পনের লক্ষ দশ হাজার টাকা) | ১০০০/-(এক হাজার টাকা) +ভ্যাট | | | | | |
| ৪. | হশাআবি'র কাস্টমস হাউজের পশ্চিমপাশে এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন দোকান নং-০৬ (আয়তন: ৭২ বঃ ফুঃ) | ৬,৭১,০৪৬/-(ছয় লক্ষ একাত্তর হাজার ছেচল্লিশ টাকা) | ৫০০/-(পাঁচশত টাকা) +ভ্যাট | | | | | |
| ৫. | হশাআবি'র কাস্টমস হাউজের পশ্চিমপাশে এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন দোকান নং-১৯ (আয়তন: ৯০ বঃ ফুঃ) | ৬,০৬,৭০২/- (ছয় লক্ষ ছয় হাজার সাতশত দুই টাকা) | ৫০০/-(পাঁচশত টাকা)+ভ্যাট | | | | | |

### শর্তাবলীঃ

১। দরপত্র দাতাকে আর্নেস্টমানি হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা'র অনুকূলে ইজারা দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং ১ম বারে প্রাপ্ত দর কর্তৃপক্ষের কাংখিত দরের চেয়ে কম হলে ২য় বার উল্লেখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে; অনুরুপভাবে ২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার উল্লেখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে।

৩। নিজ/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে।

৪। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থা এক বা একাধিক ইজারাস্থলের জন্য দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন। প্রতিটি ইজারাস্থলের জন্য আলাদা আলাদা সিডিউল ক্রয় ও দাখিল করতে হবে।

৫। সীল মোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে।

৬। ইতোপূর্বে 'বেবিচ' কর্তৃপক্ষের ইজারা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান দরপত্র দাখিলের ক্ষেত্রে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের হিসাব ও রাজস্ব শাখা হতে কোন বকেয়া নেই মর্মে প্রত্যয়ন দাখিল করতে হবে; অন্যথায় দরপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৭। ইজারা প্রদানের ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত শর্তাবলী এবং ইজারানীতিমালা,২০১৯ এর শর্তাবলী প্রযোজ্য হবে।

৮। বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।

৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/৭/২৬

ইমরুল হাসান
পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) (প্রতিভূ)